



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৫.১৯-২৮৩

তারিখ: ১৬.০৯.২০১৯ খ্রি:।

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৭১৪১/২০১৬ মামলায় ২৮.০১.২০১৯ খ্রি: তারিখের রায়ের আলোকে ৩৭ জন পিটিশনারের এমপিওভুক্তির বিষয়ে বিজ্ঞ আইনজীবী জনাব মো: কামাল পারভেজ কর্তৃক ৩১.০৫.২০১৬ খ্রি: তারিখে প্রদত্ত ডিম্যান্ডিং জাস্টিস নোটিশটি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) বিজ্ঞ আইনজীবী জনাব মো: কামাল পারভেজ কর্তৃক প্রদত্ত ডিম্যান্ডিং জাস্টিস নোটিশ
(২) বর্ণিত রিট পিটিশন মামলার রায়
(৩) পিটিশনারগণের আবেদন

তারিখ: ৩১.০৫.২০১৬ খ্রি:।

তারিখ: ২৮.০১.২০১৯ খ্রি:।

তারিখ: ৩১.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের বিভিন্ন দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগপ্রাপ্ত হয়ে ৩৭ জন ব্যক্তি কর্তৃক এমপিওভুক্তির জন্য আবেদন করা হলে তাদের আবেদন প্রত্যাখান করা হয় মর্মে সূত্রে বর্ণিত ০৩ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪.০২.২০১০ খ্রি: তারিখে যে জনবল কাঠামো জারী করা হয়েছিল উক্ত জনবল কাঠামোতে দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারী গ্রন্থাগারিকের কোন পদ ছিল না। উক্ত জনবল কাঠামোর কিছু কিছু বিষয়ে সংশোধনী এনে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৫.১০.২০১১ খ্রি: তারিখে একটি পরিপত্র জারী করা হয়। উক্ত পরিপত্রের ঘ অনুচ্ছেদে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে:

“মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের ন্যায় দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারী গ্রন্থাগারিকের পদ অন্তর্ভুক্ত করা হলো।”

০৩. অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৫.১০.২০১১ খ্রি: তারিখে আনীত সংশোধনী পরিপত্রটি পুনরায় ১৫.০৪.২০১২ খ্রি: তারিখে সংশোধন করে নতুন পরিপত্র জারী করা হয়। নতুন সংশোধনীটি নিম্নরূপ:

“২৫.১০.২০১১ খ্রি: তারিখে জারীকৃত পরিপত্রের গ ও ঘ অনুচ্ছেদে উল্লেখিত জনবল নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, বেতন কাঠামো নির্ধারণ ও নিয়োগ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত এ সকল পদে নিয়োগ দেয়া যাবে না।”

০৪. ২৫.১০.২০১১ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামোর নির্দেশনা অনুযায়ী উল্লেখিত ৩৭ জন ব্যক্তি বিভিন্ন দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগ লাভ করেন মর্মে জানা যায়। পরবর্তীতে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৫.০৪.২০১২ খ্রি: তারিখে একটি সংশোধনী পরিপত্র জারীর মাধ্যমে ২৫.১০.২০১১ খ্রি: তারিখের সংশোধনীটি বাতিল করা হয়।

০৫. বর্ণিত ৩৭ জন সহকারী গ্রন্থাগারিককে এমপিওভুক্ত করার নিমিত্ত বিজ্ঞ আইনজীবী জনাব মো: কামাল পারভেজ কর্তৃক ৩১.০৫.২০১৬ খ্রি: তারিখে একটি ডিম্যান্ডিং জাস্টিস নোটিশ সচিব, শিক্ষা মন্ত্রণালয়সহ ০৩ (তিন) জন কর্মকর্তা বরাবর ইস্যু করা হয়। অতঃপর ৩৭ জন সহকারী গ্রন্থাগারিক কর্তৃক মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করা হয় যার নং-৭১৪১/২০১৬। উক্ত রিট পিটিশন মামলায় ২৮.০১.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ রায় প্রদান করা হয়:

“Accordingly, Secretary Ministry of Education (respondent no. 01) is directed to dispose of petitioners notice demanding justice dated 31.05.2016 (Annexure-L) within a period of 60 (sixty) days, in accordance with law, from the date of receipt of this judgment.”

০৬. মহামান্য হাইকোর্টের উপরোক্ত রায় অনুযায়ী বিজ্ঞ আইনজীবী জনাব মো: কামাল পারভেজ কর্তৃক ৩১.০৫.২০১৬ খ্রি: তারিখে প্রদত্ত ডিম্যান্ডিং জাস্টিস নোটিশটি নিম্নরূপে নিষ্পত্তি করা হলো:

চলমান পাতা

“২৫.১০.২০১১ খ্রি: তারিখে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারী গ্রন্থাগারিকের পদ অন্তর্ভুক্ত করা হলেও যেহেতু একই মন্ত্রণালয় কর্তৃক পরবর্তীতে ১৫.০৪.২০১২ খ্রি: তারিখে দাখিল ও আলিম মাদ্রাসায় সহকারী গ্রন্থাগারিকের পদটি বাতিল করে দেয়া হয় এবং যেহেতু মন্ত্রণালয়ের পরিপত্রে ১৫.০৪.২০১২ খ্রি: তারিখের পূর্বে সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগকৃতদের ক্ষেত্রে কোন নির্দেশনা দেয়া হয়নি সেহেতু উল্লেখিত ৩৭ জন শিক্ষকের এমপিওভুক্ত হওয়ার কোন সুযোগ নেই মর্মে প্রতীয়মান হয়।”

০৪. এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৭১৪১/২০১৬ মামলায় ২৮.০১.২০১৯ খ্রি: তারিখের রায়ের আলোকে ৩৭ জন পিটিশনারের এমপিওভুক্তির বিষয়ে বিজ্ঞ আইনজীবী জনাব মো: কামাল পারভেজ কর্তৃক ৩১.০৫.২০১৬ খ্রি: তারিখে প্রদত্ত ডিমান্ডিং জাস্টিস নোটিশ নিষ্পত্তির বিষয়টি মহোদয়কে নির্দেশক্রমে অবহিত করা হলো।

৩৭ জন পিটিশনার

২৬/০২/১৯

মোহাম্মদ হেলাল উদ্দীন
সহকারী পরিচালক (অডিট ও আইন)
(প্রতিকল্প কর্মকর্তা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
০২. অফিস কপি।